গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর
স্থানীয় সরকার শাখা
www.meherpur.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.৫৭০০.০০৮.১৯.০০১.২৩-৫৭৩ তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪৩০ / ২৯ নভেম্বর ২০২৩

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ শাখার ২৩.১১.২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.৯৯.০৩৭.২০-৯৩৫ নম্বর স্মারকের ছাড়পত্র মোতাবেক মেহেরপুর জেলাধীন ইউনিয়ন পরিষদসমূহে 'ইউনিয়ন পরিষদ সচিব' এর ০৩ (তিন) টি শূন্য পদে এবং 'হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর' এর ০৩ (তিন)টি শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ও প্যানেল সংরক্ষণের লক্ষ্যে কেবলমাত্র মেহেরপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ইউনিয়ন পরিষদ সচিব | ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) (বেতন ভাতার ৭৫% সরকার কর্তৃক ও ২৫% ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদেয়) | ০৩ (তিন) টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী |
| ২ | হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর | ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) (বেতন ভাতার ৭৫% সরকার কর্তৃক ও ২৫% ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদেয়) | ০৩ (তিন) টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত এবং<br>গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০ (বিশ) শব্দ ও ইংরেজি ২০ (বিশ) শব্দ |

**শর্তাবলী :**

১। আবেদনকারীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও মেহেরপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। আবেদনকারীকে নির্ধারিত ফরমে স্বহস্তে লিখিত আবেদন করতে হবে। স্বহস্তে লিখিত আবেদনপত্র ব্যতীত গ্রহণযোগ্য হবে না।

৩। আবেদনপত্র আগামী ৩১.১২.২০২৩ তারিখের মধ্যে অফিস চলাকালীন জেলা প্রশাসক, মেহেরপুর বরাবর সরকারি ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য হবে না। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুরের স্থানীয় সরকার শাখা হতে অথবা www.meherpur.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

৪। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা ও চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৫। বিবাহিত নারী প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৬। প্রার্থীর বয়সসীমা ৩১.১২.২০২৩ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের সন্তান ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৭। আবেদন পত্রের সহিত নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:

ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি আবেদনপত্রের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে এবং ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি দাখিল করতে হবে। সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবিযুক্ত স্পষ্ট সীল থাকতে হবে।

খ) সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

গ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (যদি থাকে) সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

ঘ) সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধা সন্তান/মুক্তিযোদ্ধার পোষ্য হলে মুক্তিযোদ্ধা কোটায় আবেদিত চাকুরি প্রার্থীদেরকে নির্ধারিত ফরমের সাথে মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম সনদ, মুক্তিযোদ্ধা সনদ, মুক্তিবার্তা, গেজেট, মন্ত্রণালয়ের সনদ, মুক্তিযোদ্ধার নাতি/নাতনীর ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি এবং মুক্তিযোদ্ধার সাথে সম্পর্কের বিষয়ে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে। সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধার সন্তান/মহিলা/আনসার ভিডিপি/এতিম/শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের জন্য কোটা সংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবির সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

৮। আবেদনপত্রের সাথে সোনালী ব্যাংক এর যে কোন শাখা হতে জেলা প্রশাসক, মেহেরপুর এর অনুকূলে উভয় পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট (অফেরৎযোগ্য) জমা দিতে হবে।

৯। চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

১০। প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে আগ্রহী তা স্পষ্টভাবে খামের উপর উল্লেখ করত: ১০/- (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকেট যুক্ত ১০″-৪.৫″ সাইজের একটি খাম আবেদনের সাথে যুক্ত করতে হবে।

১১। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল এবং তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (যদি থাকে) সনদপত্র এর প্রমাণস্বরূপ সকল সনদপত্র ও কোটা সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে।

(চলমান পাতা- ২)

১৩। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৪। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

২৯/১১/২০২৩

(মোঃ শামীম হাসান)
জেলা প্রশাসক
মেহেরপুর
ফোন: ০২৪৭৭৭-৯২৩০১ (অফিস)
e-mail: dcmeherpur@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.৫৭০০.০০৮.১৯.০০১.২৩-৫৭৩

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪৩০ / ২৯ নভেম্বর ২০২৩

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। বিভাগীয় কমিশনার, খুলনা
০৩। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা
০৪। জেলা প্রশাসক, .....................................(সকল)
০৫। পুলিশ সুপার, মেহেরপুর
০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মেহেরপুর
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ................................ (সকল), মেহেরপুর
০৮। উপজেলা নির্বাহী অফিসার, ................................ (সকল), মেহেরপুর। বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।
০৯। মেয়র, ................................ (সকল) পৌরসভা, মেহেরপুর
১০। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, মেহেরপুর
১১। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর। তাকে বিজ্ঞপ্তিটি আবেদন ফরমসহ ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১২। জেলা তথ্য অফিসার, মেহেরপুর
১৩। চেয়ারম্যান, ................................ ইউনিয়ন পরিষদ, ................................ (সকল), মেহেরপুর
১৪। পোস্ট মাস্টার, মেহেরপুর
১৫। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার

১) জাতীয় দৈনিক : দৈনিক . . . . . . . . . . . . . . . . . . . ২) স্থানীয় দৈনিক : দৈনিক . . . . . . . . . . . . . . . . . . . . পত্রিকায় আগামী . . . . . . . . . . . . . . . . তারিখের মধ্যে স্বল্প পরিসরে একদিনের জন্য বর্ণিত বিজ্ঞপ্তিটি প্রকাশের জন্য অনুরোধ করা হলো। প্রকাশিত পত্রিকার ০৩ (তিন) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো

১৬। নোটিশ বোর্ড
১৭। অফিস কপি/মাস্টার ফাইল

২৯/১১/২০২৩

(মোঃ শামীম হাসান)
জেলাপ্রশাসক
মেহেরপুর
ফোন: ০২৪৭৭৭-৯২৩০১ (অফিস)
e-mail: dcmeherpur@mopa.gov.bd

